

এমপিও দাবিতে আজ থেকে শহীদ মিনারে শিক্ষকদের অবস্থান

আলাদা গ্রেডেশন দাবিতে প্রাথমিক শিক্ষকদের আলটিমেটাম
যুগান্তর রিপোর্ট

নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং স্বীকৃতিপ্রাপ্ত এমপিওবদ্ধিত বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা নতুন করে আন্দোলনে নেমেছেন। সোমবার পৃথক দাবিতে এ দুই স্তরের শিক্ষকরা আলাদা কর্মসূচি পালন করেন। তাদের মধ্যে প্রাথমিক শিক্ষকরা সরকারকে চার দিনের আলটিমেটাম দিয়েছেন। এ সময়ের মধ্যে দাবি মেনে না নিলে উচ্চ আদালতে মামলার ছমকি দিয়েছেন। আর এমপিওবদ্ধিত শিক্ষকরা কেন্দ্রীয় শহীদ মিনারে আজ থেকে লাগাতার অবস্থান কর্মসূচি ঘোষণা করেছেন।

প্রাথমিক শিক্ষক : জাতীয়করণকৃত প্রাথমিক শিক্ষক সমিতি বঙ্গবন্ধু এডিন্টিউ কার্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করে। এতে লিখিত বক্তব্যে শিক্ষকরা অভিযোগ করেন, প্রায় পঁনে তিন বছর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬১৯৩টি বিদ্যালয় জাতীয়করণের ঘোষণা দেন। কিন্তু আমলাতান্ত্রিক জটিলতার কারণে এর সুফল শিক্ষকরা পাচ্ছেন না। জাতীয়করণের কাজে শিক্ষকরা পদে পদে হারানির শিকার হচ্ছেন। প্রতিনিয়ত নানা জটিলতা তৈরি করা হচ্ছে। যে কারণে সব বিদ্যালয় এবং শিক্ষকের চাকরি আজ পর্যন্ত জাতীয়করণ হয়নি।